দৈনিক ইত্তেফাক

তারিখ 18 FEB 2014
পৃষ্ঠা ... কলাম ...

# ১৫ ফেব্রুয়ারির পর শিক্ষার্থী ভর্তি হলে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের বিরুদ্ধে ব্যবস্থা

■ বিশেষ প্রতিনিধি

সরকারের নির্দেশ অমান্য করে বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে বেসরকারি মেডিক্যাল কলেজে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম অব্যাহত রাখলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে গতকাল সোমবার পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বেসরকারি মেডিক্যাল কলেজগুলো সরকার ঘোষিত ছাত্র-ছাত্রীর ভর্তির সময়সীমা ১৫ ফেব্রুয়ারি অতিক্রম হওয়ার পরও কয়েকটি কলেজ বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে ভর্তি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। উক্ত তারিখের পর ভর্তি করা ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন অবৈধ বলে গণ্য হবে। এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির যেন উদ্ভব না হয় সেদিকে সতর্ক থাকতে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের প্রতি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে অনুরোধ জানানো হয়েছে। যেসব কলেজ সরকারের নির্দেশ অমান্য করে ছাত্র ভর্তি প্রক্রিয়া অব্যাহত রেখেছে তাদের বিরুদ্ধে তদন্ত করে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

**২৯২ চিকিৎসকের পদোন্নতি**

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২৯২ কর্মকর্তাকে সিনিয়র স্কেল পদে পদোন্নতি এবং ৭২৮ জন চিকিৎসককে সিলেকশন গ্রেডভুক্ত (পঞ্চম গ্রেডে) করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে গতকাল দুপুরে এসব চিকিৎসকদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড দেয়া হয়।